

১৫ অক্টোবর ঢাকা ভার্সিটি
শোক দিবস উপলক্ষে
কর্মসূচী প্রণীত

প্রেস বিজ্ঞপ্তি : ঢাকা বিশ্ববিদ্যালয় শোক দিবস ১৫ অক্টোবর পালনের কর্মসূচী প্রণয়নের উদ্দেশ্যে ৩০ সেপ্টেম্বর বিশ্ববিদ্যালয়ের ভিসি অধ্যাপক এ কে আজাদ চৌধুরীর সভাপতিত্বে প্রশাসনিক ভবনে এক সভা অনুষ্ঠিত হয়।

সভায় প্রণীত শোক দিবসের কর্মসূচীতে রয়েছে : সকাল ৬টায় বিশ্ববিদ্যালয়ের সকল হল ও প্রধান প্রধান ভবনে কালো পতাকা উত্তোলন, বিশ্ববিদ্যালয়ের পতাকা অর্ধনমিত রাখা ও কালো ব্যাজ ধারণ, সকাল সাড়ে ৬টায় অপরাহ্নে বাংলার পাদদেশ হতে ছাত্র-শিক্ষক, কর্মকর্তা-কর্মচারীদের একটি শোক মিছিল জগন্নাথ হলে নিহতদের স্মরণে নির্ধৃত স্মৃতিসৌধে গমন, পুষ্পস্তবক অর্পণ ও নীরবতা পালন, সাড়ে ৮টায় জগন্নাথ হল প্রাঙ্গণে হিন্দু, বৌদ্ধ ও খ্রীষ্টানদের প্রার্থনা সভা এবং বেলা সাড়ে ১১টায় জগন্নাথ হল প্রশাসনের ব্যবস্থাপনায় স্বেচ্ছায় রক্তদান কর্মসূচী। বিকেল ৫টায় ছাত্র-শিক্ষক কেন্দ্র মিলনায়তনে স্মরণসভা ও শোকগীতি অনুষ্ঠিত হবে। বাদ আছর বিশ্ববিদ্যালয়ের কেন্দ্রীয় মসজিদসহ বিভিন্ন হলের মসজিদে নিহতদের স্মরণে মোনাজাত করা হবে। দিবসটি উপলক্ষে সকাল ৯টা হতে সন্ধ্যা ৬টা পর্যন্ত জগন্নাথ হল প্রশাসনের ব্যবস্থাপনায় নিহতদের তৈলচিত্র ও তৎসম্পর্কিত দ্রব্যাদি প্রদর্শনের ব্যবস্থা করা হবে।